বাহক/রেজিস্টার্ড ডাকযোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস আইসিডি
কমলাপুর, ঢাকা
www.chicd.gov.bd

আদেশ নং- ২৬৬ তারিখঃ ২৪/০৪/২০১৯

আদেশ প্রদানকারী কর্মকর্তার নাম ঃ মোঃ আনোয়ার হোসাইন
পদবী ঃ কমিশনার

"মূল আদেশ"

০১। এ আদেশের অনুলিপি সংশ্লিষ্ট ব্যক্তির ব্যক্তিগত ব্যবহারের জন্য বিনা মূল্যে প্রদান করা হলো।

০২। এ আদেশের বিরুদ্ধে আপীল করতে হলে তা আদেশ জারীর ০৩(তিন) মাসের মধ্যে প্রেসিডেন্ট, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, জীবন বীমা ভবন(৪র্থ তলা), মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা বরাবরে দাখিল করতে হবে।

০৩। আপীল আবেদনের উপর ৩০০/- (তিনশত) টাকা মাত্র মূল্যের কোর্ট ফি স্ট্যাম্প সংযুক্ত করতে হবে এবং সেই সঙ্গে নিম্নলিখিত দলিলাদিও সংযুক্ত করে দিতে হবে।

(ক) ১৮৭০ সনের কোর্ট ফি স্ট্যাম্প এ্যাক্ট এর -১ তফসিলের ৬নং দফা অনুযায়ী ২০/- (বিশ) টাকা মাত্র মূল্যের কোর্ট ফি যুক্ত এ আদেশের একটি অনুলিপি এবং

(খ) আপীল আবেদনের একটি অনুলিপি অবশ্যই কমিশনার,কাস্টম হাউস আইসিডি,কমলাপুর,ঢাকা বরাবরে প্রেরণ করতে হবে।

০৪। দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর ধারা ১৯৪ এবং মূল্য সংযোজন কর আইন,১৯৯১ এর ধারা ৪২(১) এর প্রতি আপীলকারীর দৃষ্টির আকর্ষণ করা যাচ্ছে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক আপীল বিবেচিত হওয়ার পূর্বে মূল আদেশে আরোপিত জরিমানা/শুল্ক/মূল্য সংযোজন কর ইত্যাদি অবশ্যই সংশ্লিষ্ট আইনের ধারা মোতাবেক পরিশোধ করতে হবে।

০৫। লিখিত আপীল ছাড়াও আপীলকারী স্বয়ং অথবা মনোনীত প্রতিনিধির মাধ্যমে আপীলাত ট্রাইব্যুনালে ব্যক্তিগত শুনানী দিতে চাইলে আপীল আবেদনের তা সুস্পষ্টভাবে উল্লেক করতে হবে।

০৬।
(ক) প্রতিষ্ঠানের নাম ঃ মেসার্স ৫এফ এ্যাপারেলস লিঃ, জিরাবো, আশুলিয়া, সাভার, ঢাকা

(খ) অনিয়ম এর বিবরণ ঃ মিথ্যা ঘোষণার মাধ্যমে বন্ড সুবিধার আওতায় প্রাপ্তাবিহীন পণ্য খালাসের অপচেষ্টা করার কারণে কারণ দর্শাও নোটিশ।

(গ) (গ) শুনানীর তারিখঃ ১৯/০৩/২০১৯ খ্রিঃ।

পঠিত মামলার সংশ্লিষ্ট রেকর্ডপত্র।

মামলার সংক্ষিপ্ত বিবরণ ও পর্যালোচনা

০৭। আমদানিকারক মেসার্স ৫এফ এ্যাপারেলস লিঃ, জিরাবো, আশুলিয়া, সাভার, ঢাকা কর্তৃক এলসি নং- ৩১৪০১৮০৬০৩৫৩,তারিখ: ২৯/০৭/২০১৮, ইনভয়েস নং- YF-18002,তারিখ:৩১/০৮/২০১৮,বি/এল নং- ৫৭ ৬৭৩২৮ ৬৯ , তারিখ: ৩০/০৮/২০১৮ এর মাধ্যমে Fabrics for 100% export oriented garments Industry ঘোষণায় চায়না থেকে 100% polyester Knitted pile fabrics, width:60/62,weight:200/220 GSM(Long Pile fabrics) এইচ এস কোড -৬০০১.২২.০০ নামক পণ্য চালানটি আমদানি করেন। পণ্য চালানটি খালাসের জন্য তাঁর মনোনীত সিএন্ডএফ এজেন্ট মেসার্স জে, এম ইন্টারন্যাশনাল, ৮৯, কাজী নজরুল ইসলাম এভিনিউ,ফার্মগেইট, ঢাকা-১২১৫ কর্তৃক বি/ই নং- ২৯০৭৩, তারিখ: ২২/১০/২০১৮ দাখিল করেন।

০৮। আমদানিকারক কর্তৃক দাখিলকৃত বিল অব এন্ট্রির এর সহিত সংযুক্ত বন্ড লাইসেন্স এবং বিকেএমই কর্তৃক ইস্যুকৃত UD যাচাই করে উক্ত দলিলাদিসমূহ গড়মিল পাওয়া যায়। প্রতিষ্ঠানটির বন্ড লাইসেন্সের বার্ষিক প্রাপ্যতায় উক্ত পণ্যটির এইচ,এস,কোড -৬০০১.২২.০০ অন্তর্ভূক্ত নেই, যা কাস্টম বন্ড কমিশনারেট কর্তৃক প্রেরিত পত্রের মাধ্যমে নিশ্চিত হয়েছে এবং

দাখিলকৃত UD নং BKMEA/DHK/US/2018/1958/010 তারিখ: ১৯/০৮/২০১৮ বিকেএমইএ থেকে ইস্যু করা হলেও UD এর অনুকূলে সংশোধনী নং- BKMEA/DHK/18/AM/21302 তারিখ: ১৭/১০/২০১৮ সঠিক নয় মর্মে বিকেএমইএ কর্তৃক প্রেরিত পত্রের মাধ্যমে নিশ্চিত হয়েছে। আমদানিকারক কর্তৃক The Customs Act, 1969 এর Section 32 অনুযায়ী অপরাধ, যা একই আইনের ধারা 156(1) এর টেবিল ভূক্ত দফা ১,১০ক , এবং Clause (14) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।

০৯। এমতাবস্থায় উল্লিখিত আইন ও বিধি ভঙ্গের দায়ে তার বিরুদ্ধে কেন আইনানুগ ব্যবস্থ নেওয়া হবেনা তা আগামী ১৫(পনের) দিনের মধ্যে কারণ দর্শানোর জন্য বলা হয়। একই সাথে তিনি ব্যক্তিগত শুনানীতে আগ্রহী হলে তাও লিখিত জবাবে উল্লেখ করতে বলা হয়।

১০। আমদানিকারক ব্যক্তিগত শুনানীর জন্য গত ১৯/০৩/২০১৯ খ্রিঃ তারিখে আমদানিকারকের পক্ষে প্রতিষ্ঠানের Deputy Managing Director জনাব মোঃ সাইদ হোসেন জাবেদ উপস্থিত হয়ে তাদের পদ্ধতিগত ভুল স্বীকার করে জানান যে, পরবর্তীতে সময়ে তারা কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা থেকে প্রত্যয়নপত্র এবং বিকেএমইএ থেকে UD সংশোধন করিয়ে নিয়েছেন। আমদানীকারক কর্তৃক দাখিলকৃত UD , UD এর সংশোধনী নং -৮ ও ১৮ বিকেএমইএ থেকে যাচাই করে সত্যতা পাওয়া যায়। আমদানিকারক গত ০৭/০৪/২০১৯ খ্রিঃ তারিখে ন্যায় নির্ণয়ের মাধ্যমে আলোচ্য পণ্য ছাড় প্রদানে আবেদন করেন।

## "আদেশ"

১১। আমদানিকারক কর্তৃক মিথ্যা দলিলাদি দাখিল করায় The Customs Act, 1969 এর Section 32 অনুযায়ী অপরাধ সংঘটিত হয়েছে। The Customs Act, 1969 156(1) এর টেবিল ভূক্ত দফা ১, ১০ক, এবং ১৪ অনুযায়ী আমদানিকারকের উপর টাঃ ১০,০০,০০০.০০(দশ লক্ষ) টাকা মাত্র জরিমানা আরোপ করা হলো এবং রাষ্ট্রের অনুকূলে বাজেয়াপ্ত করা হলো। তবে যেহেতু পণ্যগুলি আমদানিযোগ্য ও । আমদানিকারক অপরাধ স্বীকার করে ন্যায় নির্ণয়নের জন্য প্রার্থনা করেছেন তাই বিষয়টি নমনীয়ভাবে দেখে দি কাস্টমস্ এ্যাক্ট ,১৯৬৯ এর ধারা ১৮১ তে প্রদত্ত ক্ষমতাবলে পণ্য চালানটি রাষ্ট্রের অনুকূলে বাজেয়াপ্তির পরিবর্তে টাঃ ২,০০,০০০.০০(দুই লক্ষ) টাকা বিমোচন জরিমানা আরোপ করা হলো । আরোপিত জরিমানা ও বিমোচন জরিমানাসহ প্রযোজ্য সকল শুল্ক-করাদি পরিশোধ সাপেক্ষে চালানটি শুল্কায়ন করে খালাসের আদেশ দেয়া হলো। এ আদেশ ৯০(নব্বই) দিন পর্যন্ত বলবৎ থাকবে।

স্বাঃ
মোঃ আনোয়ার হোসাইন
কমিশনার

নথি নং- ৫কাস(১০৯) আম:/আইসিডি/গ্রুপ-বন্ড /২০১৮/৩৮২২(৬) তারিখ: ২৪/০৪/১৯

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থ গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

০১। প্রেসিডেন্ট, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, জীবন বীমা ভবন(৪র্থ তলা), মতিঝিল বাণিজ্যিক এলাকা,ঢাকা।
০২। সদস্য(শুল্ক নীতি)জাতীয় রাজস্ব বোর্ড,রাজস্ব ভবন,সেগুনবাগিচা,ঢাকা।
০৩। কমিশনার কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/মংলা/পানগাঁও।
০৪। ইডিপি ম্যানেজার, কাস্টম হাউস আইসিডি,কমলাপুর,ঢাকা( তাঁকে বিচারাদেশ উল্লিখিথ তথ্য কম্পিউটারে ধারণ করার জন্য নির্দেশ দেয়া হলো।
০৫। আমদানীকারক, মেসার্স ৫এফ এ্যাপারেলস লিঃ, জিরাবো, আশুলিয়া, সাভার, ঢাকা
০৬। সি এন্ড এফ এজেন্ট, মেসার্স জে, এম ইন্টারন্যাশনাল, ৮৯, কাজী নজরুল ইসলাম এভিনিউ,ফার্মগেইট, ঢাকা-১২১৫।

২৪/৪
মোঃ আনোয়ার হোসাইন
কমিশনার